# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সাহিদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বুড়িচং, কুমিল্লা।
তারিখ ঃ ২৫/০৯/২০২৩ খ্রি. সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যগণের তালিকা**

| ক্রঃনং | উপস্থিত সদস্যগণের নাম ও পদবী | স্বাক্ষরের ক্রমানুসারে |
|---|---|---|
| ০১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বুড়িচং, কুমিল্লা। | ,, |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, বুড়িচং, কুমিল্লা। | ,, |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বুড়িচং, কুমিল্লা। | ,, |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বুড়িচং, কুমিল্লা। | ,, |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, বুড়িচং, কুমিল্লা। | ,, |

সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি এর সভার কাজ আরম্ভ করা হয়। পরবর্তীতে সভার কাজ শুরু করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

সদস্য সচিব জানান যে, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লার ০৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভায় কার্যবিবরণী মোতাবেক বুড়িচং, কুমিল্লা এর অনুকূলে রবি/২০২৩-২০২৪ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, সূর্যমূখী ও পেঁয়াজ ফসলের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের নিমিত্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রণোদনা কর্মসূচি মাধ্যমে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার (ডিএপি ও এমওপি) বিতরণ কার্যক্রম বাবদ ৮,০৩,০০০/-(আট লক্ষ তিন হাজার টাকা) বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ বিভাজন নিম্নরুপঃ

ক) ফসল ভিত্তিক প্রণোদনার লক্ষ্যমাত্রা, উপকারভোগী কৃষকের সংখ্যা ও উপকরণের পরিমাণ:

| ক্র: নং | ফসল | কর্মসূচীর লক্ষ্যমাত্রা | উপকারভোগীর চাষীর সংখ্যা | উপকরণের পরিমান (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বীজ | ডিএপি | এমওপি |
| ০১ | গম | ৪০ | ৪০ | ৮০০ | ৪০০ | ৪০০ |
| ০২ | সরিষা | ৮০০ | ৮০০ | ৮০০ | ৮০০০ | ৮০০০ |
| ০৩ | সূর্যমূখি | ৫০ | ৫০ | ৫০ | ৫০০ | ৫০০ |
| ০৪ | ভূট্টা | ৫০ | ৫০ | ১০০ | ১০০০ | ৫০০ |
| ০৫ | পেঁয়াজ | ৩০ | ৩০ | ৩০ | ৩০০ | ৩০০ |
| মোট: | | ৯৭০ | ৯৭০ | ১৭৮০ | ১০২০০ | ৯৭০০ |

খ) আর্থিক বরাদ্দ:

| ক্র: নং | ফসল | টাকা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বীজ | ডিএপি | এমওপি | পরিবহন | আনুসাঙ্গিক | মোট |
| ০১ | গম | ৫২৮০০ | ৭৬০০ | ৭২০০ | ২৪০০ | ১৬০০ | ৭১৬০০ |
| ০২ | সরিষা | ১০৯৬০০ | ১৫২০০০ | ১৪৪০০০ | ২৫২০০ | ১৬৮০০ | ৪৪৭৬০০ |
| ০৩ | সূর্যমূখি | ১০০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৫৭৫ | ১০৫০ | ১২১১২৫ |
| ০৪ | ভূট্টা | ৪০০০০ | ১৯০০০ | ৯০০০ | ২৪০০ | ১৬০০ | ৭২০০০ |
| ০৫ | পেঁয়াজ | ৭৮০০০ | ৫৭০০ | ৫৪০০ | ৯৪৫ | ৬৩০ | ৯০৬৭৫ |
| মোট: | | ৩৮০৪০০ | ১৯৩৮০০ | ১৭৪৬০০ | ৩২৫২০ | ২১৬৮০ | ৮০৩০০০ |

গ) বিঘা প্রতি উপকরণ:

| ক্র: নং | ফসলের নাম | বিঘা প্রতি সহায়তা (বীজ ও সার) | | |
|---|---|---|---|---|
| | | বীজ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
| ০১ | গম | ২০ | ১০ | ১০ |
| ০২ | সরিষা | ১ | ১০ | ১০ |
| ০৩ | সূর্যমূখি | ১ | ১০ | ১০ |
| ০৪ | ভূট্টা | ২ | ২০ | ১০ |
| ০৫ | পেঁয়াজ | ১ | ১০ | ১০ |

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত বিভাজন (পরিশিষ্ট-ক) অনুমোদনসহ বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন পদ্ধতি/সিদ্ধান্ত :

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ (সবংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নিধারিত ভর্তুকী মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না।

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা আলোচনা করে বিগত বছরের রবি ফসলের জমি ও রবি ফসল আবাদ সম্ভাবনার নিরিখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক ইউনিয়নে ব্লকভিত্তিক বিভাজন করা এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন;

৪. সরকারী আদেশের বরাদ্দকৃত অর্থের মধ্যে বাস্তবায়ন পদ্ধতি ও শর্তাবলী অনুসরণপূর্বক জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা'র মাধ্যমে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর ইমেইলে admonitoring@dae.gov.bd আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে, যা পরবর্তীতে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা'র সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে input2@moa.gov.bd ও moa.input2@gmail.com প্রেরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তার অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করা এবং যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করা। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. রবি/২০২৩-২৪ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী ও শীতকালিন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এ অনুদান সহায়তা পাবেন। প্রণোদনাভূক্ত এসব ফসল (গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী ও শীতকালিন পেঁয়াজ,) চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত প্রতি কৃষক যে কোন একটি ফসলের জন্য বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন চাষী পরিবারকে যে কোন একটি ফসলের বেশী প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না;

৭. তেল জাতীয় ফসলের ক্ষেত্রে রবি/২০২৩-২৪ মৌসুমে তেল জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিকল্পে যে সব নতুন এলাকা আবাদ সম্প্রসারণ হবে সে সব এলাকার চাষীদের অগ্রাধিকার দিতে হবে;

৮. একজন কৃষক ১ বিঘা জমির জন্য ২০ (বিশ) কেজি করে গম বীজ অথবা ০২ (দুই) কেজি করে ভুট্টা হাইব্রিড বীজ অথবা ০১ (এক) কেজি করে সরিষা বীজ অথবা ০১(এক) কেজি করে সূর্যমূখী হাইব্রিড বীজ অথবা ০১ (এক) কেজি করে শীতকালিন পেঁয়াজ বীজ পাবেন;

৯. কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় সার সহায়তা হিসেবে গম, সরিষা, সূর্যমূখী ও শীতকালীন পেঁয়াজ ফসলের জন্য অনুমোদিত তালিকাভূক্ত প্রতি ৫ (পাঁচ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। অর্থাৎ গ্রুপের চাষীরা প্রতিজনে বিঘা প্রতি ১০ (দশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার পাবেন;

১০. অনুরূপভাবে ভুট্টা ফসলের জন্য অনুমোদিত তালিকাভূক্ত প্রতি ৫ (পাঁচ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ৫০ কেজি ওজনের ২ (দুই) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। অর্থাৎ গ্রুপের চাষীরা প্রতিজনে বিঘা প্রতি ২০ (বিশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার পাবেন;

১১. প্রয়োজনীয় সরিষা বীজ বিএডিসি এবং তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পভুক্ত কৃষক এর নিকট হতে সরাসরি ক্রয় করতে হবে। কোন কারণে নির্ধারিত জাতের বীজ সরবরাহ পাওয়া না গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট জাতের মানসম্মত বীজ নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

১২. প্রয়োজনীয় গম বীজ বিএডিসি (৯০%) এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পভুক্ত কৃষক (১০%) এর নিকট হতে সরাসরি ক্রয় করতে হবে। কোন কারণে নির্ধারিত জাতের বীজ সরবরাহ পাওয়া না গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট জাতের মানসম্মত বীজ নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

১৩. প্রয়োজনীয় শীতকালিন পেঁয়াজ বীজ বিএডিসি হতে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন বীজ ক্রয় করতে হবে। কোন কারণে নির্ধারিত জাতের বীজ চাহিদামাফিক সরবরাহ পাওয়া না গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে উদ্যোক্তা/প্রতিষ্ঠিত বেসরকারী বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে মানসম্মত বীজ নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

১৪. বিএডিসি কর্তৃক আমদানীকৃত স্থানীয় আবহাওয়া ও এলাকা উপযোগী হেক্টর প্রতি ১২ টন বা ১২ টন এর অধিক ফলনশীল এফ-১ সিঙ্গেল ক্রস হাইব্রিড জাতের ভুট্টা বীজ আর্থিক বিধি মোতাবেক ক্রয় করে ব্যবহার করতে হবে;

১৫. বিএডিসি কর্তৃক আমদানীকৃত এলাকা উপযোগী হেক্টর প্রতি ২ (দুই) টন বা তার অধিক ফলনশীল সূর্যমূখীর খাটো জাতের হাইব্রিড বীজ আর্থিক বিধি মোতাবেক ক্রয় করে ব্যবহার করতে হবে;

১৬. এ কর্মসূচীর আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে, কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সে জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১৭. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকার ৩ (তিন) কপি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট উপজেলা থেকে প্রাপ্ত উপকারণ বিতরণের তালিকা ১(এক) কপি সংরক্ষণ করবেন এবং ১(এক) কপি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়ে প্রেরণ করবেন। তাছাড়া ১(এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৯. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী অব্যয়িত অর্থ থাকলে তা জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ অর্থ বিভাগে প্রেরণের জন্য পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে বিধায় সমন্বয় বিবরণী ১(এক) কপি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা এবং ২ কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লার নিকট প্রেরণ করতে হবে;

২০. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে;

২১. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব (উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার) এর অফিসে সংরক্ষিত থাকবে।

অত:পর আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০২/২৫

সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
বুড়িচং, কুমিল্লা

স্মারক নং-১২.১৮.১৯১৮.০৪০.৩৮.০১৮.২০২৩-৫৩১২ (৩৮) তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রি.

অবগতার্থে ও কার্যার্থে অনুলিপি দেওয়া হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২৫৩, কুমিল্লা-০৫।

০২। জেলা প্রশাসক কুমিল্লা ও সভাপতি, জেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লা।

০৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুমিল্লা।

০৪। উপজেলা.................................অফিসার, বুড়িচং, কুমিল্লা।

০৫। উপসহকারী কৃষি কর্মকর্তা, ............................ ব্লক, বুড়িচং, কুমিল্লা। তাহাকে সরকারি ভাবে সরবরাহকৃত অগ্রাধিকার কৃষক তথ্য ছক ও মাষ্টার রোল ফরমের মাধ্যমে উপকরণ বিতরণ মাষ্টার রোল প্রস্তুতের জন্য বলা হলো।

০৬। অফিস কপি।

২৫/০৯/২৩

মোছা. আফরিণা আক্তার<br>
উপজেল কৃষি অফিসার<br>
ও<br>
সদস্য সচিব<br>
উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি<br>
বুড়িচং, কুমিল্লা।

২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২০২৪ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, সূর্যমূখী ও পেঁয়াজ ফসলের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভায় উপস্থিতি।

সভাপতি ঃ সাহিদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, বুড়িচং, কুমিল্লা।
তারিখ ঃ ২৫/০৯/২০২৩ খ্রি. সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

আলোচ্য বিষয় সমূহঃ

০১। বিগত সভার কার্যবিবরণীর পাঠ অনুমোদন।

০২। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২০২৪ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, সূর্যমূখী ও পেঁয়াজ ফসলের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচীর বিষয় আলোচনা ।

০৩। বিবিধ।

উপস্থিত সদস্যগণের নাম ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, বুড়িচং, কুমিল্লা। | সদস্য | |
| ০২। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বুড়িচং, কুমিল্লা। | সদস্য | [signature] |
| ০৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বুড়িচং, কুমিল্লা। | সদস্য | |
| ০৪। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বুড়িচং, কুমিল্লা। | সদস্য | [signature] |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, বুড়িচং, কুমিল্লা। | সদস্য সচিব | [signature] |